যায়যায়দিন

তারিখ 12 MAR 2009
পৃষ্ঠা ২৫ কলাম ২

### শেকৃবি উপাচার্যের পদত্যাগ

# ক্যাম্পাস থেকে উপাচার্য নিয়োগের দাবি

শেকৃবি প্রতিনিধি

শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. শাহ্-ই আলম গত সোমবার বিকাল ৪টায় ছাত্রলীগের তীব্র আন্দোলনের মুখে পদত্যাগ করেন। তার পদত্যাগের খবর চাউর হলে মঙ্গলবার রাত ১০টায় ছাত্রলীগ আনন্দ মিছিল ও ক্যাম্পাস থেকে উপাচার্য নিয়োগের দাবিতে মিছিল ও সমাবেশ করেছে। গত সোমবার শেকৃবির ছাত্রলীগ ভিসি ও প্রক্টরের পদত্যাগের দাবিতে ভিসির অফিস, বাসভবন, গাড়িসহ ২০টি বাস ভাংচুরের ঘটনা ঘটায়।

গতকাল ছাত্রলীগ শেকৃবির নীল দলের শিক্ষকদের মধ্য থেকে ভিসি নিয়োগের দাবিতে ক্যাম্পাসে সকাল সাড়ে ১১টায় মানববন্ধন কর্মসূচি পালন করে। মানববন্ধন কর্মসূচিতে শিক্ষক সমিতি, কর্মকর্তা-কর্মচারী সমিতি ও অফিসার্স সমিতি একাত্মতা পৃ২ ›› ক

## ক্যাম্পাস থেকে উপাচার্য

*(শেষ পৃষ্ঠার পর)*

প্রকাশ করেছে। মানববন্ধন কর্মসূচির পর ছাত্রলীগ নেতারা সংক্ষিপ্ত সমাবেশে বলেন, শেকৃবি ব্যতীত অন্য বিশ্ববিদ্যালয় থেকে ভিসি নিয়োগ দিলে তাকে ক্যাম্পাসে ঢুকতে দেয়া হবে না। বহিরাগত ভিসিরা শিক্ষা কার্যক্রমে মনোযোগ না দিয়ে নিয়োগ বাণিজ্যে লিপ্ত থাকেন বলে তারা দাবি করেন। গতকাল দ্বিতীয় দিনের মতো শেকৃবির সব ক্লাস ও পরীক্ষা স্থগিত ছিল। একই সঙ্গে শেকৃবির সব সাংস্কৃতিক সংগঠন, সাংবাদিক সমিতি, শিক্ষক সমিতি, অফিসার্স সমিতি, কর্মকর্তা-কর্মচারী সমিতি শেকৃবি থেকে ভিসি নিয়োগের জন্য অভিন্ন বিবৃতি দিয়েছে।